

## গীতি-মাল্য

৮

কোলাহল ত বারণ হ'ল,  
এবার কথা কানে কানে ।  
এখন হবে প্রাণের আলাপ  
কেবল মাত্র গানে গানে ।  
রাজার পথে লোক ছুটেচে  
বেচাকেনার ঠাঁক উঠেচে,  
আমার ছুটি অবেলাতেই  
দিন-চুপুরের মধ্যখানে,  
কাজের মাঝে ডাক পাড়েচে  
কেন যে তা কেইবা জানে ।

## গীতি-মালা

মোর কাননে অকালে ফুল  
উঠুক তবে মুঞ্জরিয়া ।  
মধা দিনে মৌমাছিরা  
বেড়াক যত গুঞ্জরিয়া ।  
মন্দ ভালোর দ্বন্দ্রে খেটে  
গেচে ত দিন অনেক কেটে,  
গলস বেলার খেলার সাথী  
এবার আমার জদয় টানে ।  
বিনা কাজের ডাক পড়েচে  
কেন যে তা কেইবা জানে ?

শিলাভদ্রা  
১৮ই চৈত্র